



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫  
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/২৫০  
ই-মেইল : dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/১৪৬৫(২০)

তারিখঃ ২১-০৬-২০১৭

- ০১। বিভাগীয় মহাব্যবস্থাপক  
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও খুলনা
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ সংশ্লিষ্ট  
তফসিলি ব্যাংকের শাখাসমূহ ২৩-২৫ জুন, ২০১৭ খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ০৫ আষাঢ়, ১৪২৪  
বঙ্গাব্দ/ ১৯ জুন, ২০১৭ খ্রীষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও  
যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।


০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এ বর্ণিত নির্দেশনার আলোকে আপনাদের বিভাগাধীন বিমান, সমুদ্র/নৌ ও স্থল  
বন্দর সংশ্লিষ্ট এডি শাখাসমূহ আগামী ২৩, ২৪ ও ২৫ জুন, ২০১৭ তারিখ (শুক্রবার, শনিবার ও রবিবার) পর্যন্ত নিরাপত্তাসহ খোলা  
রাখার জন্য অনুরোধ করা হলো। ব্যাংকের অন-লাইনভুক্ত শাখাসমূহে ট্রানজাকশন নিরবিচ্ছিন্ন রাখার লক্ষে প্রধান কার্যালয়ের আইসিটি  
সিস্টেমস বিভাগের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত তারিখে অফিসে উপস্থিত থাকবেন।

০৩। উল্লেখ্য, উপরোক্ত তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত  
২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন  
প্রতি কর্মকর্তাগণকে ৪০০/- (চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/- (তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত  
তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।


আপনার বিশ্বস্ত  
  
(মোঃ মিজানুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ২১-০৬-২০১৭

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/১৪৬৫(২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, চট্টগ্রাম/খুলনা।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি  
ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। নথি/মহানথি।

  
(মোঃ আবুল কালাম ভূঁইয়া) ২১/০৬/১৭  
সহকারী মহাব্যবস্থাপক



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ


ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৫

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

তারিখ : ০৫ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ



আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ সংশ্লিষ্ট  
তফসিলি ব্যাংকের শাখাসমূহ ২৩-২৫ জুন, ২০১৭ খোলা রাখা প্রসঙ্গে

জাতীয় রাজস্ব বোর্ড দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে আগামী ২৩ জুন থেকে ২৫ জুন, ২০১৭ পর্যন্ত সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ ন্যূনতম সংখ্যক কর্মকর্তা/কর্মচারির উপস্থিতিতে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, ইতোপূর্বে ০৭ ডিসেম্বর, ২০০৬ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরসহ তফসিলি ব্যাংকের এডি শাখাসমূহ সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে।

২। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলারের নির্দেশনা অনুযায়ী ২৩ ও ২৪ জুন, ২০১৭ (শুক্রবার ও শনিবার) তফসিলি ব্যাংকের বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দর সংশ্লিষ্ট এডি শাখাসমূহ খোলা রাখার পাশাপাশি দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের শাখাসমূহ আগামী ২৩, ২৪ ও ২৫ জুন, ২০১৭ তারিখ যথাক্রমে শুক্র, শনি ও রবিবার খোলা রাখার নির্দেশনা দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(বিন্দু ভূষণ বসাক)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৬১৮